



ট্রানজিশন প্ল্যানিং: স্কুল জীবন থেকে প্রাপ্তবয়স্ক জীবনে উত্তরণ

ট্রানজিশন প্ল্যানিং কী এবং কেন এটি গুরুত্বপূর্ণ?

সব শিক্ষার্থীই মনে মনে ভাবে, "স্কুল পর্ব শেষ হওয়ার পর আমি কী করব?" প্রতিবন্ধী শিক্ষার্থী ও তাদের পরিবারগুলিকে হাই স্কুল পরবর্তী জীবনযাপনের প্ল্যান করতে সাহায্য করার জন্য স্কুলগুলি ট্রানজিশন প্ল্যানিং প্রক্রিয়া ব্যবহার করে। বিকাশগত প্রতিবন্ধিতা-যুক্ত প্রাপ্তবয়স্ক কিশোর-কিশোরীদের হাই স্কুলে পড়াকালীন ও তার পরবর্তী সময়ে সহায়তার জন্য, Medicaid ও নিউ ইয়র্ক স্টেটের অর্থায়িত একাধিক সহায়তা ও পরিষেবা সংস্থা রয়েছে। শিক্ষার্থী ও তাদের পরিবারকে অবশ্যই এইসব পরিষেবার জন্য আবেদন জানাতে হবে এবং তারা যে পরিষেবা নিতে আগ্রহী তার প্রয়োজনে Medicaid-এর জন্যও আবেদন জানাতে হতে পারে।

প্রতিবন্ধিতা-যুক্ত শিক্ষার্থীরা রিজেন্টস বা লোকাল ডিপ্লোমা সহ গ্রাজুয়েট হলে অথবা তাদের যথোচিত অবৈতনিক সর্বজনীন শিক্ষার অ্যাক্সেস শেষ হলে, তাদের জন্য স্কুলের বিভিন্ন পরিষেবা উপলভ্য আছে। তবে, প্রয়োজন হলে পরিষেবার উপলভ্যতা নিশ্চিত করার জন্য, প্রত্যেক শিক্ষার্থীর বয়স 15 বছর হলে বা তার আগেই তাদের জন্য ট্রানজিশন প্ল্যান থাকা উচিত।

OPWDD

3

ট্রানজিশন প্ল্যানিং প্রক্রিয়া

OPWDD

Front Door

OPWDD-র Front Door

OPWDD Front Door

OPWDD

Front Door
(CCO)

()

কর্মসংস্থান এবং অর্থপূর্ণ কমিউনিটি অ্যাক্টিভিটি

OPWDD আপনাকে সাপোর্টেড এমপ্লয়মেন্ট (SEMP), এমপ্লয়মেন্ট ট্রেনিং প্রোগ্রাম (ETP), সাইট-বেসড প্রিভোকেশনাল (SBPV) পরিষেবা এবং পাথওয়ে টু এমপ্লয়মেন্ট (PTE)-এর মাধ্যমে কর্মসংস্থান ও ভোকেশনাল পরিষেবা এক্সপ্লোর করতে সাহায্য করে। এছাড়া, OPWDD ডে-হ্যাবিলিটেশন (DH) এবং কমিউনিটি হ্যাবিলিটেশন (CH) পরিষেবার মাধ্যমে কমিউনিটিতে অর্থপূর্ণ অ্যাক্টিভিটি খুঁজতে সাহায্য করে।

আরো জানতে, OPWDD ওয়েবসাইটের এইসব পেজে যান:

- সাপোর্টেড এমপ্লয়মেন্ট, কমিউনিটি-বেসড প্রিভোকেশনাল এবং সাইট-বেসড প্রিভোকেশনাল: সার্ভিসেস
<https://opwdd.ny.gov/types-services/employment-training-and-supports>
- এমপ্লয়মেন্ট ট্রেনিং প্রোগ্রাম:
<https://opwdd.ny.gov/types-services/employment-services>
- Pathway to Employment:
<https://opwdd.ny.gov/types-services/pathway-employment>
- Day Habilitation and Community Habilitation:
<https://opwdd.ny.gov/types-services/day-services>

অথবা ইমেইল করুন:

employment.vocational.services@opwdd.ny.gov বা
day.community.services@opwdd.ny.gov

OPWDD স্কুল ট্রানজিশন কোঅর্ডিনেটর

আপনার অঞ্চলের OPWDD স্কুল ট্রানজিশন কোঅর্ডিনেটরের ফোন নাম্বার বা ইমেইল আইডির জন্য, এইসব উপায়ে আপনার নিকটবর্তী রিজিওনাল ফিল্ড অফিসে যোগাযোগ করুন:
866-946-9733 নাম্বারে OPWDD ইনফোলাইনে কল করে

ইমেইল: student.transition@opwdd.ny.gov

OPWDD-র Front Door এবং আপনার অঞ্চলে সহায়তা ও পরিষেবা সম্পর্কে আরো তথ্যের জন্য:

- <https://opwdd.ny.gov/get-started/front-door> লিঙ্কে যান
- 866-946-9733 নাম্বারে OPWDD ইনফোলাইনে কল করুন



Office for People With Developmental Disabilities

আমাদের ওয়েবসাইট www.opwdd.ny.gov ভিজিট করুন অথবা (866) 946-9733 নাম্বারে OPWDD-র ইনফরমেশন লাইনে কল করুন।

শ্রবণ প্রতিবন্ধী ব্যক্তির NY রিলে সিস্টেম 7-1-1 ব্যবহার করতে পারেন

OPWDD গৃহসংস্থান সহায়তা

OPWDD আপনাকে নিজের বাড়িতে অথবা আপনার কমিউনিটিতে কোনো বাড়িতে থাকার ব্যাপারে সহায়তা প্রদান করে, যাতে আপনি স্বাধীনভাবে জীবনযাপন করতে পারেন। আপনার চাহিদা অনুসারে, আপনি এগুলির মধ্যে থেকে বেছে নিতে পারেন:

- রেসপাইট ও কমিউনিটি হ্যাবিলিটেশনের মতো সঠিক সহায়তা সহ নিজের পারিবারিক বাড়িতে নিজের পরিবারের সঙ্গে থাকা।
- সহায়তা সহ আপনার আবাসন বা বাড়িতে স্বাধীনভাবে থাকা। এছাড়া আপনি কোনো লিভ-ইন কেয়ারগিভার নিতে পারেন। আপনার বাড়ি বা আবাসনের খরচ পরিচালনায় আপনাকে সাহায্য করার জন্য গৃহসংস্থান ভর্তুকি উপলভ্য রয়েছে।
- বিশেষ কোনো কাজে অথবা কোনো সমস্যা মোকাবিলায় সাহায্যের জন্য আপনি পেইড নেবারের সহায়তা পেতে পারেন। তারা "অন-কল" হিসাবে আপনাকে সাহায্য করেন।
- ফ্যামিলি কেয়ার, যা এমন এক পরিষেবা যেখানে আপনি অন্য আরেকটি পরিবারের সঙ্গে থাকবেন এবং ওই পরিবারের সঙ্গে তাদের সমস্ত কাজকর্মে অংশগ্রহণ করবেন।

বিশেষ কিছু পরিস্থিতিতে, আপনার প্রয়োজনের লেভেল অনুযায়ী, আপনি অন্যান্য বিকাশগত প্রতিবন্ধিতা থাকা ব্যক্তিদের সঙ্গে কোনো গ্রুপ হোমে থাকার বিকল্প বেছে নিতে পারেন। এই ক্ষেত্রে, আপনার পরিবার, আপনার বেছে নেওয়া অন্য ব্যক্তির, OPWDD কর্মী এবং আপনার কেয়ার ম্যানেজার আপনাকে এমন গ্রুপ হোম খুঁজে নিতে সাহায্য করবেন যা আপনার চাহিদা পূরণ করে।

আরো জানতে, এই ওয়েবসাইটে যান:

<https://opwdd.ny.gov/types-services/housing>